## কুমিল্লা মেডিক্যাল কলেজ

# ছাত্রলীগ নেতাকে বহিষ্কার কলেজ বন্ধ ঘোষণা

**কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা :** কুমিল্লা মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল সন্ধ্যা ৬টার মধ্যে সকল ছাত্রছাত্রীকে হোস্টেল ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে। ছাত্রলীগ মেডিক্যাল কলেজ শাখার সাধারণ সম্পাদক মাঈনুদ্দিন চিশতিকে বহিষ্কার করা হয়েছে।

মেডিক্যাল কলেজ সূত্রে জানা গেছে, কলেজের ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাঈনুদ্দিন চিশতি দীর্ঘদিন যাবৎ প্রভাব খাটিয়ে ক্যান্টিনে বিনা পয়সায় খাবার খেয়ে আসছিল। এ ব্যাপারে অভিযোগ পেয়ে কলেজের একাডেমিক কাউন্সিল ঘটনার সত্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার পর গতকালকের সভায় চিশতিকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়।

এদিকে চিশতির বহিষ্কারের বিষয় আগে থেকেই আঁচ করতে পেরে কলেজ শাখার ছাত্রলীগ নেতৃবৃন্দ জেলা পর্যায়ের ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে যোগাযোগ করে মঙ্গলবার রাতে কলেজের প্রধান ফটকে ও কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। গতকাল তালা ভেঙে অধ্যক্ষ নিজ কার্যালয়ে ঢোকেন এবং একাডেমিক কাউন্সিলের মিটিং ডেকে চিশতিকে বহিষ্কারাদেশ দেন। সে সঙ্গে অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেন।

চিশতির বহিষ্কারাদেশ শোনার পর ছাত্রলীগের উদ্যোগে কলেজ চত্বরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আনিসুর রহমান মিঠু, মাসুদ পারভেজ খান ইমরান, কাজী নাহিদ, মেডিক্যাল কলেজ শাখার সাংগঠনিক সম্পাদক মুস্তাফিজ বিল্লাহ। তারা অবিলম্বে চিশতির বহিষ্কারাদেশ প্রত্যাহার ও কলেজ খোলার দাবি জানান।

কলেজ অধ্যক্ষ জানান, চিশতির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে বহিষ্কার করা হয়েছে এবং উত্তেজনা প্রশমনে কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্তক্রমে।